



২৪৬/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০৩/৪৪৭২

তারিখ : ২১/০৩/২০১৯

অতীব জরুরী

আঞ্চলিক পরিচালক  
আঞ্চলিক কেন্দ্র (সকল)  
বাউবি।

বিষয় : বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৭ এর ফলাফলে অভিযোগ দাখিলকারী ও উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য আবেদনকারী শিক্ষার্থীদের ফলাফল প্রকাশ এবং পুনঃপরীক্ষার ফি জমাদান প্রসঙ্গে।

জনাব,  
উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৭ এর ফলাফলের প্রেক্ষিতে যে সকল শিক্ষার্থী নির্ধারিত সময়ে অভিযোগ দাখিল ও উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করেছেন সে সকল শিক্ষার্থীদের আবেদনসমূহ যাচাই করে সংশোধিত ফলাফল প্রকাশ করা হলো। আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন শিক্ষার্থীদের প্রকাশিত ফলাফলের হার্ডকপি এতদসাথে সংযুক্ত করা হলো। বিস্তারিত ফলাফল [exam.bou.edu.bd](http://exam.bou.edu.bd) ওয়েব সাইটে পাওয়া যাবে।

এছাড়াও উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য আবেদনকারী শিক্ষার্থীগণ উক্ত ওয়েব সাইটের “পুনঃনিরীক্ষণের ফলাফল” লিংকে প্রবেশ করে ফলাফল পরিবর্তন/অপরিবর্তনের বিষয়টি জানতে পারবে।

২। অভিযোগ দাখিলকারী শিক্ষার্থীদের মধ্যে সংশোধিত ফলাফলে অকৃতকার্য শিক্ষার্থীগণ এবং উত্তরপত্র পুনঃনিরীক্ষণে যে সকল শিক্ষার্থীর ফলাফল অপরিবর্তিত রয়েছে সে সকল শিক্ষার্থীগণ আগামী ০১/০৪/২০১৯ তারিখ পর্যন্ত নির্ধারিত ব্যাংকে পুনঃপরীক্ষার ফি জমা দিয়ে বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৮ এ অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে আবেদন করতে পারবে।


৩। আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন বর্ণিত শিক্ষার্থীদের বিষয়ভিত্তিক তালিকা আগামী ০৩/০৪/২০১৯ তারিখের মধ্যে Hard কপি পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর এবং Soft কপি [exam.cu@bou.edu.bd](mailto:exam.cu@bou.edu.bd) ই-মেইল ঠিকানায় প্রেরণ করতে হবে।

বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদসহ।

*Signature*  
২২/৩/১৯

পরীক্ষা নিয়ন্ত্রক  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়



*Signature*  
২২/৩/১৯

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে।

- ১। ডীন, এসএসএইচএল, বাউবি।
- ২। পরিচালক, এস এস এস বিভাগ, বাউবি।
- ৩। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
- ৪। সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সংরক্ষণ নথি।